

# এআইইউবিতে ফিল্ম এবং ডকুমেন্টারি ওয়ার্কশপ অনুষ্ঠিত

প্রেস রিলিজ

২৭ মার্চ ২০২৩ ০৫:৪৭ পিএম | আপডেট: ২৭ মার্চ

২০২৩ ০৬:০৮ পিএম



## এআইইউবিতে ওয়ার্কশপ অনুষ্ঠিত

advertisement

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (এআইইউবি)-এর মিডিয়া ও গণযোগাযোগ বিভাগের পক্ষ থেকে ফিল্ম এবং ডকুমেন্টারি ওয়ার্কশপের আয়োজন করা হয়েছে। এতে প্রধান আলোচক ছিলেন জাতীয় ও আন্তর্জাতিকভাবে খ্যাতিমান চলচ্চিত্র এবং তথ্যচিত্র নির্মাতা তানভীর মোকাম্মেল।

গত ২১ মার্চ শিক্ষার্থীদের নিয়ে এ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এআইইউবির কলা ও সমাজ বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তাজুল ইসলাম, সহযোগী ডিন ড. এ বি এম রহমতুল্লাহ, মিডিয়া ও গণযোগাযোগ বিভাগের উপদেষ্টা ড. এ জে এম শফিউল আলম ভুঁইয়া, জনসংযোগ বিভাগের কর্মকর্তা এ এম আকন্দ তুহিনসহ শিক্ষক ও শিক্ষার্থীরা।

advertisement

এমএমসি কোর্সের অংশ হিসেবে অনুষ্ঠানটির তত্ত্বাবধানে ছিলেন এমএমসি বিভাগের সিনিয়র শিক্ষক নিয়াজ মজুমদার। আলোচনা শেষে তানভীর মোকাম্বেল এবং শিক্ষার্থীদের মধ্যে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়।